# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

১) জাতীয় নাগরিকপঞ্জীর ১শো শতাংশ পুনরিক্ষণ সম্পর্কীত আবেদন সুপ্রীম কোর্টে শুনানির জন্য গ্রহণ ।

২) ভৈরবী - সাইরাং রেললাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৩ সেপ্টেম্বর মিজোরাম আসার সম্ভাবনা ।

৩) স্বনির্ভর গোষ্ঠীগুলির সঙ্গে যুক্ত মহিলাদের অর্থনৈতিকভাবে সবল করে তোলার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান আরম্ভ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

৪) গত জানুয়ারী মাসে ডিমা হাসাও জেলার উমরাংসু কয়লা খনি দুর্ঘটনায় অভিযুক্ত ওই অবৈধ খনির ম্যানেজার জামাল আলি গ্রেপ্তার ।

এবং

৫) ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে আগামীকাল নর্থ ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাব ডায়মন্ড হার্বার ক্লাবের মুখোমুখি ।

---------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আসামে জাতীয় নাগরিক পঞ্জীর ১০০ শতাংশ পুনরীক্ষণের জন্য দাখিল করা আবেদন সম্পর্কে আজ কেন্দ্রীয় সরকার ,আসাম সরকার এবং ভারতের এটর্নী জেনারেলকে নির্দেশ জারী করেছে । সেইসঙ্গে বর্তমান জাতীয় নাগরিক পঞ্জীর আসামের মূখ্যসমন্বয়ককেও সর্বোচ্চ আদালত নির্দেশ জারী করেছে । আসামের জাতীয় নাগরিক পঞ্জীর প্রাক্তন সমন্বয়ক তথা অবসরপ্রাপ্ত প্রশাসনিক আধিকারিক হিতেশ

দেবশর্মার এসম্পর্কে গত জুলাই মাসে দাখিল করা আবেদন আজ বিচারপতি পি নরসিমহা এবং বিচারপতি অতুল সন্দুরকারকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ বিচারের জন্য গ্রহণ করে  সংশ্লিষ্ট পক্ষকে নির্দেশ জারী করেছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৩ সেপ্টেম্বর মিজোরাম সফরে আসার সম্ভাবনা রয়েছে । মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহমা আজ এ কথা জানিয়েছেন । তিনি জানান যে প্রধানমন্ত্রী ওই দিন মিজোরাম পৌছে ৫১ দশমিক ৩-৮ কিলোমিটার দৈর্ঘ ভৈরবী - সাইরাং রেললাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধন করবেন । মুখ্যমন্ত্রী বলেন যে এর ফলে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে মিজোরাম চতুর্থ রাজ্য হিসেবে রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হবে । আজ আইজলে মিজোরাম পুলিশ সার্ভিস এশোসিয়েশনের এক সম্মিলনে অংশ গ্রহণ করে শ্রী লালডুহমা এ কথা জানিয়ে বলেন যে ১২ই সেপ্টেম্বর রত্রিবেলা প্রধানমন্ত্রী আইজলে পৌছবেন এবং ১৩ সেপ্টেম্বর তিনি মিজোরামের রাজধানী আইজলের পশ্চিমাঞ্চলে অবস্থিত ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । মুখ্যমন্ত্রী আরো জানান যে প্রধানমন্ত্রীর আসন্ন সফরসূচি  এবং প্রস্তাবিত ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধনী কার্যসূচি নিয়ে তিনি ইতিমধ্যেই কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন । তিনি আরো বলেন যে রাজ্য সরকারের রাজধানী এক্সপ্রেসকে যুক্ত করে সাইরাং রেল ষ্টেশনকে একটি বিশ্ব মানে রেল ষ্টেশন হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে স্বনির্ভর গোষ্ঠিগুলির সঙ্গে যুক্ত মহিলাদের অর্থনৈতিকভাবে সবল করে তোলার উদ্দেশ্যে সরকার মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযান আরম্ভ করেছে । তিনি বলেন যে রাজ্যের শহর এবং গ্রামাঞ্চলে ৪ লক্ষ স্বনির্ভর গোষ্ঠী এবং এই গোষ্ঠী সমূহের সঙ্গে প্রায় ৪০ লক্ষ মহিলা যুক্ত রয়েছেন । এই মহিলাদের স্বনির্ভর করে তুলতে রাজ্য সরকারের ৩ হাজার ৩৮ কোটি টাকা ব্যায় হবে বলে উল্লেখ করে ডক্টর শর্মা বলেন যে এই তহবিলের টাকা দিয়ে হিতাধিকারী মহিলারা নিজস্ব অথবা গোষ্ঠীর অন্যান্য সদস্যদের সঙ্গে যৌথভাবে ব্যাবসা শুরু করতে পারবেন । এই তহবিলের উপযুক্ত ব্যবহার করা মহিলাদের পরবর্তী পর্যায়ে ২৫ হাজার টাকা করে প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । আজ নলবারী জেলায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের অধীনে স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের চেক প্রদানের দ্বিতীয় পর্যায়ের কার্যসূচি অনুষ্ঠানের শুভারম্ভ করে বক্তব্য রাখার সময় এ কথা বলেন ।

বাইট----------

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দিতে  আগামী পয়লা সেপ্টেম্বর মূখ্যমন্ত্রীর মহিলা উদ্যোমিতা অভিযানের সুবিধা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আজ অনুষ্ঠিত সভায় জানানো হয় যে মহিলা উদ্যোমিতা অভিযানের অনুষ্ঠানে প্রায় ১৫ হাজার হিতাধিকারী উপস্থিত থাকবেন । সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং , জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক মুন গগৈ , সহকারী আয়ুক্ত রূপক মজুমদার সহ প্রতিটি সরকারী বিভাগের শীর্ষ আধিকারীকরা  উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের উদ্যোগে আগামী ১৭ সেপ্টেম্বর থেকে রাজ্যজুড়ে সেবা সপ্তাহ আরম্ভ হবে । সেবা সপ্তাহের সঙ্গে সঙ্গতি রেখে ১৮ সেপ্টেম্বর বিধানসভাকেন্দ্র ভিত্তিক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । ২০ শে সেপ্টেম্বর রাজ্যের বিভিন্ন প্রান্তে ৭৫ টি রক্তদান শিবিরের আয়োজন করা হবে এবং ২২ শে সেপ্টেম্বর যক্ষ্মা রোগীদের জন্য নিক্ষয় মিত্র কার্যসূচী রূপায়ন করা হবে । স্বাস্থ্য মন্ত্রী অশোক সিংহল গতকাল বশিষ্ঠতে অনুষ্ঠিত এক বৈঠকে ১৮ রাজ্যজুড়ে অনুষ্ঠেয় স্বাস্থ্য শিবিরের প্রস্তুতির খোঁজ নেন । বৈঠকে মন্ত্রী স্বাস্থ্য বিভাগের আধিকারিক ,কর্মচারীদের সংবেদনশীল হবার আহ্বান জানান । তিনি বলেন যে স্বাস্থ্যবিভাগের প্রতিটি ক্ষেত্রে মানুষের জীবনের কথা ,সামাজিক প্রত্যাহ্বান এবং সামাজিক ব্যাবস্থার প্রতি লক্ষ্য রেখে এগিয়ে যেতে হবে । স্বাস্থ্য শিবিরে জনসাধারণ স্বাস্থ্য সেবা প্রদানকারী থেকে সামগ্রিক স্বাস্থ্য পরামর্শ এবং ৫০ টিরও অধিক রোগের পরীক্ষার সুবিধা লাভ করবে বলে মন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে শিবিরগুলিতে জনসাধারণ প্রয়োজন অনুসারে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ এবং বিনামূল্যে ঔষধ লাভ করবে ।

--------------------------------------------------------------------------------

নাগাল্যান্ডের আই সি এ আর কৃষি বিজ্ঞান কেন্দ্রকে  উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সর্বশ্রেষ্ঠ কৃষি বিজ্ঞান কেন্দ্র হিসেবে পুরষ্কৃত করা হবে । মোট ২শো-টি আবেদনের ভিত্তিতে নাগাল্যান্ডের আই সি এ আর কৃষি বিজ্ঞান কেন্দ্রকে সর্বশ্রেষ্ঠ হিসেবে মনোনীত করা হয়েছে । তামিলনাডুর তিরিচিরাপল্লিতে আগামীকাল আয়োজিত ৩২তম প্রতিষ্ঠা দিবস এবং কিষাণ মেলা উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানে নাগাল্যান্ডের আই সি এ আর কৃষি বিজ্ঞান কেন্দ্রকে এই পুরস্কারে ভূষিত করা হবে ।

---

গত জানুয়ারী মাসে ডিমা হাসাও জেলার উমরাংসু কয়লা খনি দুর্ঘটনার অভিযুক্ত ওই অবৈধ খনির ম্যানেজার জামাল আলিকে পুলিশ গ্রেপ্তার করেছে । মর্মান্তিক ওই দুর্ঘটনায় মোট ৯ জন শ্রমিক নিহত হয়েছিলেন । জামাল আলি ওরফে সোনা দীর্ঘদিন থেকে পলাতক ছিল। হাইলাকান্দি জেলার পুলিশের একটি দল আজ সকালে তাকে পাঁচগ্রামের একটি বাসগৃহ থেকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে ধৃত জামাল আলিকে ডিমা হাসাও নিয়ে যাওয়া হবে । উল্লেখ্য, গত জানুয়ারী মাসে ওই কয়লা খনিতে জল প্রবেশ করায় ৯ জন শ্রমিকের করুণ মৃত্যু হয়েছিল । এন ডি আর এফ , এস ডি আর এফ , সেনা , নৌসেনা , এয়ারফোর্স এবং অন্যান্য সংস্থার ৪২ দিন ব্যাপী দীর্ঘ উদ্ধার অভিযানের পর ওই ৯ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা সভব হয়েছিল ।

---

কাছাড় জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে কাটিগড়া সাপ্লাই গেটে শিশু ও মহিলা সহ ৯ জন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে । সীমান্ত পার হয়ে বাংলাদেশ যাবার সময় স্থানীয় জনসাধারণ তাদের আটক করে । ওই এলাকায় অপরিচিত কয়েকজন লোক ঘোরাফেরা করার সময় স্থানীয় লোকেরা সন্দেহবশতঃ আটক করে তাদের জিজ্ঞাসাবাদ করলে রোহিঙ্গা বলে তারা পরিচয় দেয় । বেশকয়েকবছর পূর্বে তারা বাংলাদেশের রোহিঙ্গা ক্যাম্প থেকে অবৈধভাবে ত্রিপুরা সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করেছিলো । এরপর ভারতের বিভিন্ন রাজ্যে কর্মরত ছিলো । সম্প্রতি সন্দেহজনক লোকের বিরুদ্ধে ভারত সরকারের চলা অভিযানের ভয়ে তারা বাংলাদেশ যাবার উদ্দেশ্যে ট্রেনে করে পালিয়ে এসেছে এবং কাটিগড়ার ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে তারা দালাল মারফৎ বাংলাদেশ ফিরে যাবার পরিকল্পনা করেছিলো বলে জানিয়েছে । এদিকে স্থানীয় জনসাধারণ রোহিঙ্গাদের আটক করার পর পুলিশের কাছে সমঝে দিয়েছে ।

উল্লেখ্য গত এক সপ্তাহ আগে কাটিগড়ার ভারত বাংলাদেশ সীমান্তে স্থানীয় জনসাধারণ ৯ জন রোহিঙ্গা নাগরিককে আটক করেছিলো এবং গতকাল পুনরায় আরো ৯ জন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং মহিলা ও শিশু কল্যান বিভাগ ও মিশন শক্তির সহযোগীতায় কন্যা শিক্ষা ও সবলীকরণের লক্ষ্যে বেটি বাচাঁও-বেটি পড়াও কার্যসূচী সফল করতে শিলচর শহরের কয়েকটি বিদ্যালয়ের ছাত্রীদের নিয়ে আজ ন্যাশনেল

ইনস্টিটিউট অফ টেকনোলজি, নিট শিলচরে শিক্ষামূলক ভ্রমন করানো হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব পতাকা নেড়ে এই যাত্রার সূচনা করে বলেন যে কন্যা শিশুদের শিক্ষার মাধ্যমে সবলীকরণ করা শুধু একটি নীতি নয় , বরং একটি সামাজিক অঙ্গীকার । বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে মেয়েদের অংশগ্রহন বৃদ্ধি করতে এ ধরনের কর্মসূচী অত্যন্ত গুরুত্বপূর্ন । আজকের শিক্ষামূলক ভ্রমনে সরকারী বিদ্যালয়ের মোট ৩৫জন ছাত্রী অংশগ্রহন করে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে আগামী ২৬শে আগষ্ট থেকে দুটি পৃথক উদ্যোক্তা বিকাশ কর্মশালা শুরু হবে । ১৪ দিনের প্রশিক্ষন কর্মশালায় ১৮ থেকে ৫০ বছর বয়সী বেকার যুবক-যুবতী ও স্বনির্ভর আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যরা অংশগ্রহন করতে পারবেন । একজন প্রার্থী শুধুমাত্র একটি প্রশিক্ষনেই অংশগ্রহন করতে পারবেন । প্রশিক্ষন গ্রহনে ইচ্ছুক প্রার্থীদের শিলচর আর সেটি কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কলকাতার সল্ট লেক যুব ভারতী ক্রীড়াঙ্গনে আগামীকাল ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ডায়মন্ড হার্বার ফুটবল ক্লাব গত বারের চ্যাম্পিয়ান নর্থ-ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাবের মুখোমুখি হবে ।

ডায়মন্ড হার্বার ফুটবল ক্লাব গতকাল কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত প্রতিযোগিতার দ্বিতীয় সেমিফাইনালে ১৬ বারের চ্যাম্পিয়ান ইষ্ট-বেঙ্গল ফুটবল ক্লাবকে ২ - ১ গোলের ব্যাবধানে পরাজিত করে এই প্রতিযোগিতার ফাইনালে প্রবেশ করেছে । গতকাল খেলার দ্বিয়ার্ধে ডায়মন্ড হার্বার ফুটবল ক্লাবের পক্ষে মাইকেল কার্টেজ প্রথম গোলটি করে , তবে এর কিছুক্ষণের মধ্যেই ইষ্ট বেঙ্গলের আনোয়ার আলী আরো একটি গোল করে খেলায় সমতা ফিরিয়ে আনে । এর পর ডায়মন্ড হার্বারের জবি দলের হয়ে বিজয়সূচক গোলটি করে ।

উল্লেখ্য যে নর্থ-ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাব গত মঙ্গলবার শিলং-এ আয়োজিত প্রতিযোগিতার প্রথম সেমি ফাইনালে শিলং লাজং এফ সি-কে ১ - ০ গোলের ব্যবধানে পরাজিত করে আগেই এই প্রতিযোগিতায় ফাইনালে খেলার স্থান নিশ্চিত করেছে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে উঠল লোকনাথপুর এফ সি । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার

আজকের খেলায় লোকনাথপুর এফ সি ৩-০ গোলের ব্যবধানে দর্মিখাল এফ সি কে পরাজিত করে । প্রতিযোগীতার আগামীকালের খেলায় ওয়াই এম সি এ দল এবং টি এইচ বি আর্জানপুর দল পরস্পরের মূখোমূখি হবে ।

---------------------------------------------------------------------------------